

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৫০

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

#### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ثَلَاثُ دَعَوَاتٍ مُسْتَجَابَاتٍ لَا شَكَّ فِيهِنَّ: دَعْوَةُ الْوَالِدِ وَدَعْوَةُ الْمُسَافِرِ وَدَعْوَةُ الْمَظْلُومِ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهُ

#### বাংলা

২২৫০-[২৮] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিঃসন্দেহে তিন লোকের দু'আ কবূল হয়। (১) পিতার দু'আ, (২) মুসাফিরের দু'আ এবং (৩) মাযলুমের (পীড়িতের) দু'আ। (তিরমিযী, আবু দাউদ, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১৫৩৬, তিরমিয়া ১৯০৫, ইবনু মাজাহ ৩৮৬২, ইবনু আবী শায়বাহ্ ২৯৮৩০, মু'জামুল আওসাত ২৪, শু'আবূল ঈমান ৩৩২৩, সহীহ ইবনু হিব্বান ২৬৯৯, সহীহ আল আদাবুল মুফরাদ ২৪/৩২, রিয়াযুস্ সলিহীন ৯৮৭, সহীহাহ্ ৫৯৬, সহীহ আত্ তারগীব ৩১৩২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا شَكَّ فِيهِنَ) মুল্লা 'আলী কারী হানাফী (রহঃ) বলেন, অত্র হাদীসটিতে উল্লেখিত তিন শ্রেণীর দু'আ কবূল হওয়ার কথা বলা হয়েছে এ কারণে যে, তারা অন্তরের দিক দিয়ে কোমল হয়ে আল্লাহরই নিকট শেষ আশ্রয় খুঁজে।

(کَعُوةُ الْوَالِد) পিতার দু'আ তার সন্তানের জন্য অথবা বন্দু'আ। অত্র হাদীসটিতে মাতার কথা উল্লেখ নেই কেননা মাতা তার সন্তানের প্রতি পিতার চেয়ে অনেকগুণ বেশি দয়াশীল সূতরাং তার দু'আ করল হওয়ার আরো বেশি



সম্ভাবনা রয়েছে। তবে ইমাম বুখারী (রহঃ)-এর প্রসিদ্ধ কিতাব 'আদাবুল মুফরাদ'-এ পিতা-মাতা উভয়কে একই সাথে বর্ণনা করা হয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন